গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাহরাস্তি,চাঁদপুর
web: shahrasti.chandpur.gov.bd

**১৬ ডিসেম্বর ২০২৩, মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের নিমিত্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ জনাব মোহাম্মদ হুমায়ন রশিদ, উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি, চাঁদপুর ।
স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন (হলরুম), শাহরাস্তি, চাঁদপুর।
তারিখ ঃ ০৬/১২/২০২৩ খ্রি.
সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা।

**সভায় উপস্থিত কর্মকর্তা ও গণ্যমান্য ব্যক্তিগণের তালিকা পরিশিষ্ট-"ক" এবং উদযাপন কমিটি পরিশিষ্ট- "খ" দ্রষ্টব্য ঃ**

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি, মহান স্বাধীনতার স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। তিনি পঁচাত্তরের ১৫ আগষ্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ শাহাদাত বরণকারী সকল শহিদের প্রতি গভীরশ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি উল্লেখ করেন- ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস আমাদের জাতীর দু'টি অবিস্মরণীয় দিন। তিনি আরো উল্লেখ করেন, জাতির পিতা বঙ্গবন্ধু ও বাংলাদেশ এক ও অভিন্ন। তিনি বলেন, মহান স্বাধীনতা যুদ্ধে ৩০ লক্ষ শহিদের রক্তের বিনিময়ে এবং ০২ লক্ষের অধিক মা-বোনের সম্ভ্রমের বিনিময়ে বাংলাদেশের মানচিত্র পৃথিবীর বুকে অনন্য স্থান করে নিয়েছে। তিনি বিজয় দিবস-২০২৩ জাঁকজমকপূর্ণ, বর্ণাঢ্য ও যথাযোগ্য মার্যাদার সাথে উদ্‌যাপন করার আহবান জানান। মহান বিজয় দিবস-২০২৩ উদ্‌যাপনের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত জাতীয় কর্মসূচি, জেলা পর্যায়ে গৃহীত কর্মসূচির সাথে সঙ্গতি রেখে সভায় উপস্থিত সদস্যদের পরামর্শ ও সিদ্ধান্তক্রমে বিস্তারিত আলোচনান্তে শাহরাস্তি উপজেলার জন্য নিম্নোক্ত কর্মসূচি প্রণীত ও গৃহীত হয়।।

এ ছাড়া মহান বিজয় দিবস-২০২৩ সুষ্ঠু ও সুন্দর পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**মহান বিজয় দিবস-২০২৩ এর অনুষ্ঠান সূচি ঃ**

| তারিখ ও সময় | কর্মসূচি | ব্যবস্থাপনায় |
|---|---|---|
| ১৬ ডিসেম্বর, ২০২৩ সূর্যোদয়ের সাথে সাথে | একত্রিশবার তোপধ্বনির মাধ্যমে বিজয় দিবসের শুভ সূচনা।<br>স্থান ঃ উপজেলা পরিষদ প্রাঙ্গন। | অফিসার ইনচার্জ শাহরাস্তি থানা। |
| ১৬ ডিসেম্বর, ২০২৩ সূর্যোদয়ের সাথে সাথে | মহান স্বাধীনতা যুদ্ধে শহিদ ও বীর মুক্তিযোদ্ধাদের স্মরণে স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ।<br>স্থান ঃ উপজেলা পরিষদ সংলগ্ন সকল বীর মুক্তিযোদ্ধা, শহীদ ও বীরাঙ্গনাদের উদ্দেশ্যে নির্মিত স্মৃতিস্তম্ভ, শাহরাস্তি। | পুষ্পস্তবক উপ-কমিটি। |
| ১৬ ডিসেম্বর, ২০২৩ সূর্যোদয়ের সাথে সাথে | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং বেসরকারি ভবন সমূহে যথাযোগ্য মর্যাদায় জাতীয় পতাকা (সঠিক মাপ ও রঙের) উত্তোলন। | সংশ্লিষ্ট কতৃপক্ষ /স্ব-স্ব প্রতিষ্ঠান ও ভবনের মালিক। |
| ১৬ ডিসেম্বর, ২০২৩ (সকাল ০৮.৩০ মিঃ) | আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন, অত্র উপজেলার বীর মুক্তিযোদ্ধা, পুলিশ বিভাগ, আনসার ও ভিডিপি, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, গ্রাম পুলিশ, প্রাথমিক ও মাধ্যমিক স্কুল, কলেজ মাদ্রাসা, স্কাউটস ইত্যাদি প্রতিষ্ঠানের কুচকাওয়াজ পরিদর্শন ও সালাম গ্রহণ।<br>স্থান ঃ উপজেলা পরিষদ কমপ্লেক্স মাঠ, শাহরাস্তি। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ১৬ ডিসেম্বর, ২০২৩ (সকাল ০৯.০০ মিঃ) (কুচাকাওয়াজের পর পর) | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের শরীর চর্চা ও ডিসপ্লে প্রদর্শন, ক্রীড়া অনুষ্ঠান এবং পুরস্কার বিতরণী। স্থান ঃ উপজেলা পরিষদ কমপ্লেক্স মাঠ, শাহরাস্তি। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ১৬ ডিসেম্বর, ২০২৩ (সকাল ১১.০০ মিঃ) | বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা অনুষ্ঠান।<br>স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন,শাহরাস্তি। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ১৬ ডিসেম্বর, ২০২৩ (সকাল ১১.৩০ মিঃ) | মহান বিজয় দিবস ২০২৩ উপলক্ষে 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের আদর্শ, চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার এবং বিজয় দিবসের তাৎপর্যশীর্ষক | সংশ্লিষ্ট উপ-কমিটি। |

| | | |
|---|---|---|
| | আলোচনা ও সিম্পোজিয়াম। স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন,শাহরাস্তি। | |
| ১৬ ডিসেম্বর, ২০২৩ (দুপুর ১২.৩০ মিঃ) | উপজেলা পরিষদের কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের ক্রীড়া অনুষ্ঠান। (মিউজিক্যাল চেয়ার ও ঝুড়িতে বল নিক্ষেপ) স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন,শাহরাস্তি। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ১৬ ডিসেম্বর, ২০২৩ (বাদ জোহর) | সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক বিরোধী কার্যক্রমে জনমত সৃষ্টির জন্য আলোচনা ও শহীদ বীর মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/বীর মুক্তিযোদ্ধা/যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের সু-স্বাস্থ্য ও জাতির শান্তি,সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদ, মন্দির, গীর্জা , প্যাগোডা ও অন্যান্য উপসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা। | ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন ও স্ব-স্ব ধর্মীয় প্রতিষ্ঠান। |
| ১৬ ডিসেম্বর, ২০২৩ (সুবিধামত সময়ে) | হাসপাতাল , জেলখানা, বৃদ্ধাশ্রম, এতিমখানা , ডে কেয়ার ও শিশু বিকাশকেন্দ্র এবং শিশু পরিবার ও ভবঘুরে প্রতিষ্ঠানসমূহে উন্নতমানের খাবার পরিবেশন। স্থানঃ স্ব স্ব প্রতিষ্ঠানে। | উপজেলা প্রশাসন/ হাসপাতাল/ এতিমখানা কর্তৃপক্ষ |
| ১৬ ডিসেম্বর, ২০২৩ (বেলা-.০৪.০০ মিঃ) | প্রীতি ফুটবল ম্যাচ ঃ শাহরাস্তি উপজেলা পরিষদ একাদশ বনাম পৌরসভা একাদশ । স্থান ঃ উপজেলা পরিষদ কমপ্লেক্স মাঠ, শাহরাস্তি, চাঁদপুর। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ১৬ ডিসেম্বর, ২০২৩ (বেলা- ০৪.৩০ মিঃ) | স্থানীয় ও অতিথি শিল্পীদের সমন্বয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান। স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন (হলরুম), শাহরাস্তি, চাঁদপুর। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ১৬ ডিসেম্বর, ২০২৩ (সারাদিন) | উপজেলার সকল প্রাথমিক ও মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসায় মহান বিজয় দিবস উপলক্ষ্যে আলোচন সভা, ক্রীড়া প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান। স্থান ঃ স্ব-স্ব প্রতিষ্ঠান প্রাঙ্গন, শাহরাস্তি, চাঁদপুর। | স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান। |
| ১২-১৫ ডিসেম্বর,২০২৩ (সুবিধাজনক সময়ে) | <u>রচনা প্রতিযোগিতাঃ</u> রচনার বিষয়বস্তু- মহান মুক্তিযুদ্ধে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান। অংশগ্রহনকারী- 'ক' গ্রুপ: ৯ম থেকে ১০ম শেণি পর্যন্ত। 'খ' গ্রুপ: একাদশ থেকে স্নাতক শ্রেণি। স্থান ঃ উপজেলা পরিষদ, শাহরাস্তি। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ১২-১৫ ডিসেম্বর,২০২৩ (সুবিধাজনক সময়ে) | <u>চিত্রাঙ্কন প্রতিযোগিতাঃ</u> চিত্রাঙ্কনের বিষয়বস্তু- জাতীয় স্মৃতিসৌধ, সাভার, ঢাকা। অংশগ্রহনকারী- 'ক' গ্রুপ: ৪র্থ থেকে ৫ম শেণি পর্যন্ত। 'খ' গ্রুপ: ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত। স্থান ঃ উপজেলা পরিষদ, শাহরাস্তি। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |

এ ছাড়া মহান বিজয় দিবসটি উৎসব মুখর পরিবেশে যথাযোগ্য মর্যাদায় অনুষ্ঠানের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় ঃ

**<u>সিদ্ধান্তসমূহঃ</u>**

০১) মহান বিজয় দিবস-২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান, দোকানপাট এবং যানবাহনে সঠিক সময়ে, যথাযোগ্য মর্যাদায় জাতীয় পতাকা উত্তোলন ও নামানোর জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষন করা হয়। জাতীয় পতাকার সঠিক রং ও পরিমাপের দিকে আবশ্যকভাবে লক্ষ্য রাখতে হবে। এ বিষয়ে জনসচেতনতা উদ্দেশ্যে জাতীয় পতাকা সম্পর্কে অবহিতকরন এবং দিবসের তাৎপর্য তুলে ধরার জন্য অত্র উপজেলায় ১০টি ইউনিয়ন ও ০১টি পৌরসভায় মাইকিং এর মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র, শাহরাস্তি পৌরসভা এবং চেয়ারম্যান, সকল ইউপি, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।

০২) মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে উপজেলা প্রশাসন, শাহরাস্তি কর্তৃক আয়োজিত সকল কর্মসূচি/অনুষ্ঠানে সকল সরকারি-আধাসরকারি ও স্বায়ত্তশাসিত দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ আবিশ্যিকভাবে তাদের স্ব স্ব উপস্থিতি নিশ্চিত করবেন।

০৩) রচনা এবং চিত্রাঙ্কন এবং কবিতা আবৃত্তি প্রতিযোগিতায় সংশ্লিষ্ট উপ-কমিটি কর্তৃক নির্বাচিত ১০টি ইউপি ও পৌরসভা হতে সীমিত সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠানের আগ্রহী শিক্ষার্থীগণের নামের তালিকা আগামী ১২ ডিসেম্বর ২০২৩খ্রি: এর মধ্যে সংগ্রহ করবে। আগামী ১৩ ডিসেম্বর ২০২৩ হতে ১৫ ডিসেম্বর ২০২৩খ্রি: এর মধ্যে উপজেলা পরিষদ মিলনায়তনে সুবিধাজনক সময়ে সকল প্রতিযোগিতা সম্পন্ন করে ফলাফল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শাহরাস্তিতে প্রেরনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহন করা হয়। এ

বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।

০৪) জাতীয় পতাকা উত্তোলন ও পতাকা দ্বারা সজ্জিতকরণ উপ-কমিটি সঠিক রং ও মাপের পতাকা উত্তোলন নিশ্চিত করবেন। এ লক্ষ্যে প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫) কুচকাওয়াজ ও শরীর চর্চা এবং ডিসপ্লে প্রদর্শনীতে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক নির্বাচিত অত্র উপজেলার ০৩টি কলেজ, ০৬টি প্রাথমিক বিদ্যালয়, ০৬টি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা অংশগ্রহন করবে। অংশগ্রহনকারী প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠান হতে ২৫(পঁচিশ) জনের দল গঠনপূর্বক শিক্ষক ও অংশগ্রহনকারী শিক্ষার্থীদের নামের তালিকা আগামী ১৪ ডিসেম্বর ২০২৩খ্রি: তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরনের জন্য অনুরোধ করা হয়।

০৬) মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে কুচকাওয়াজ ও শরীর চর্চা, ডিসপ্লে প্রদর্শনীতে অংশগ্রহনকারী শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ব্যানার নিয়ে অনুষ্ঠানে আসতে হবে। শিক্ষার্থীদের পোশাক পরিস্কার-পরিচ্ছন্ন হতে হবে। কুচকাওয়াজ প্রদর্শনীতে আবশ্যককভাবে স্কুল ইউনিফর্ম পরিধান করতে হবে। অংশগ্রহনকারী শিক্ষা প্রতিষ্ঠান সমূহ আগামী ১৪ ডিসেম্বর ২০২৩খ্রি: তারিখ উপজেলা পরিষদ কমপ্লেক্স মাঠ, শাহরাস্তিতে উপস্থিত হয়ে কুচকাওয়াজ ও শরীর চর্চা, ডিসপ্লে প্রদর্শনীর মহড়ায় অংশগ্রহন করতে হবে। এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অফিসার ইনচার্জ, শাহরাস্তি থানা এবং সাধারণ সম্পাদক, উপজেলা স্কাউটস, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।

০৭) উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক সকল শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব ব্যবস্থাপনায় মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপনের কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।

০৮) মহান বিজয় দিবস-২০২৩ সুষ্ঠু ও সুন্দরভাবে উদ্‌যাপনের জন্য গৃহীত অনুষ্ঠান স্থলে/স্থান সমূহে নিরাপত্তা ও আইন শৃংখলা বজায় রাখার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়নের জন্য অফিসার ইনচার্জ, শাহরাস্তি থানাকে অনুরোধ করা হয়।

০৯) মহান বিজয় দিবস-২০২৩ সুষ্ঠু ও সুন্দরভাবে উদ্‌যাপনের জন্য উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরে স্মৃতিস্তম্ভ, শহীদ মিনারসহ তথা সরকারি সম্পদসমূহের রাত্রিকালীন পাহারার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক আনসার সদস্য নিয়োগের জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।

১০) মহান বিজয় দিবস-২০২৩ উদ্‌যাপন উপলক্ষে কুচকাওয়াজ ও শরীর চর্চা ডিসপ্লে প্রদর্শনী চলাকালীন সময়ে উপজেলা পরিষদ কমপ্লেক্স মাঠে একটি মেডিকেল টীম ও একটি এ্যাম্বুলেন্স রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। তাছাড়া বিজয় দিবস উদ্‌যাপনের লক্ষ্যে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রয়োজনীয় চিকিৎসা সেবা ও রোগীদের মাঝে উন্নতমানের খাবার প্রদানের ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।

১১) উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরে অবস্থিত কেন্দ্রিয় শহীদ মিনারে পুষ্পমাল্য/শ্রদ্ধাঞ্জলি অর্পণের সময় এবং উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত মহান বিজয় দিবসের অন্যান্য কর্মসূচি বাস্তবায়ন প্রাক্কালে সংশ্লিষ্ট স্থান সমূহে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা অব্যাহত রাখার জন্য ডি.জি.এম, পল্লী বিদ্যুৎ সমিতি, শাহরাস্তিকে অনুরোধ জানানো হয়।

১২) মহান বিজয় দিবস-২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে বিভিন্ন প্রতিষ্ঠান এবং ব্যক্তি মালিকানাধীন ভবন সমূহে আলোকসজ্জা করার সময় বৈদ্যুতিক দূর্ঘটনা এড়ানোর নিমিত্ত বিদ্যুৎ সংযোগ ও অন্যান্য সরঞ্জামাদি স্থাপনের ক্ষেত্রে অধিকতর নজর রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষন করা হয়।

১৩) ক্ষুদ্র নৃগোষ্ঠী, নারী, কৃষক, শ্রমিক, ছাত্রসহ সমাজের সর্বস্তরের মানুষের উপস্থিতি নিশ্চিত করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট উপ-কমিটি সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়।

১৪) সকল উপ-কমিটিকে পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে সুষ্ঠু কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়।

সভাপতি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মহান মুক্তিযুদ্ধে শহীদ বীর মুক্তিযোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে এবং বীর মুক্তিযোদ্ধাদের দেশের জন্য আত্মত্যাগের মহতী আবেগকে ধারণ করে মহান বিজয় দিবস ২০২৩ স্বতঃস্ফুর্ত ও

আড়ম্বরপূর্ণভাবে উদ্‌যাপনের এবং সংশ্লিষ্ট উপ-কিমটিসমূহের সকল সদস্যকে তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করে গৃহীত কর্মসূচি সর্বাঙ্গীন সুন্দর ও সফলভাবে বাস্তবায়নের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ হুমায়ন রশিদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মহান বিজয় দিবস-২০২৩ উদ্‌যাপন কমিটি
শাহরাস্তি, চাঁদপুর।
Email: unoshahrastichandpur@gmail.com

স্মারকনং-০০.৪২.১৩৯৫.০০০.০৯.০০২.২০২২- তারিখ ঃ ০৬/১২/২০২৩খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।

০৩। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৫। জেলা প্রশাসক, চাঁদপুর।

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহরাস্তি, চাঁদপুর।

০৭। মেয়র, শাহরাস্তি পৌরসভা, শাহরাস্তি, চাঁদপুর।

০৮। উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ)/ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহরাস্তি, চাঁদপুর।

৯। অফিসার ইনচার্জ, শাহরাস্তি থানা, শাহরাস্তি, চাঁদপুর।

১০। উপজেলা ........................ কর্মকর্তা (সকল), শাহরাস্তি, চাঁদপুর।

১১। চেয়ারম্যান, --------------------------------ইউ পি,শাহরাস্তি।

১২। সভাপতি, প্রেসক্লাব, শাহরাস্তি, চাঁদপুর।

১৩। অধ্যক্ষ, প্রধান শিক্ষক/সুপার ....................................... কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা (সকল), শাহরাস্তি, চাঁদপুর।

১৪। জনাব .......................... .....................

উপজেলা নির্বাহী অফিসার
শাহরাস্তি, চাঁদপুর।

সংযোজনী পরিশিষ্ট-"খ"

## মহান বিজয় দিবস-২০২৩ উদ্‌যাপন কমিটি ও উপ-কমিটি সমূহঃ

**মহান বিজয় দিবস উদযাপন কমিটি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

উপদেষ্টা ঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শাহরাস্তি,চাঁদপুর।

সভাপতি ঃ উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি,চাঁদপুর ।

সদস্যবৃন্দ ঃ অত্র উপজেলার সকল দপ্তর/বিভাগ প্রধান কর্মকর্তা, পৌর মেয়র, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণ, ইউ,পি চেয়ারম্যান (সকল), সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ, সামাজিক-সাংস্কৃতিক সংগঠন, সকল সংস্থা, রাজনৈতিক নেতৃবৃন্দ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, শাহরাস্তি, চাঁদপুর।

**(ক) জাতীয় পতাকা পর্যবেক্ষণ উপ-কমিটি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | | |
|---|---|---|---|
| (১) | সহকারী কমিশনার (ভূমি), শাহরাস্তি, চাঁদপুর | ঃ | আহবায়ক |
| (২) | প্যানেল মেয়র, শাহরাস্তি পৌরসভা, শাহরাস্তি, চাঁদপুর- | ঃ | সদস্য |
| (৩) | অফিসার ইনচার্জ, শাহরাস্তি থানা, শাহরাস্তি, চাঁদপুর- | ঃ | " |
| (৪) | কমান্ডার/প্রতিনিধি,মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল,শাহরাস্তি,চাঁদপুর - | ঃ | " |
| (৫) | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা,শাহরাস্তি- | ঃ | " |
| (৬) | চেয়ারম্যান, টামটা (উঃ) ইউনিয়ন পরিষদ, শাহরাস্তি- | ঃ | " |
| (৭) | চেয়ারম্যান,টামটা (দঃ) ইউনিয়ন পরিষদ, শাহরাস্তি- | ঃ | " |
| (৮) | চেয়ারম্যান,সূচীপাড়া (উঃ) ইউনিয়ন পরিষদ, শাহরাস্তি- | ঃ | " |
| (৯) | চেয়ারম্যান,সূচীপাড়া (দঃ) ইউনিয়ন পরিষদ, শাহরাস্তি- | ঃ | " |
| (১০) | চেয়ারম্যান,রায়শ্রী (উঃ) ইউনিয়ন পরিষদ, শাহরাস্তি- | ঃ | " |
| (১১) | চেয়ারম্যান,রায়শ্রী (দঃ) ইউনিয়ন পরিষদ, শাহরাস্তি- | ঃ | " |
| (১২) | চেয়ারম্যান, চিতোষী (পূর্ব) ইউনিয়ন পরিষদ, শাহরাস্তি- | ঃ | " |
| (১৩) | চেয়ারম্যান,চিতোষী (পশ্চিম) ইউনিয়ন পরিষদ, শাহরাস্তি- | ঃ | " |
| (১৪) | চেয়ারম্যান,মেহের (উঃ), ইউনিয়ন পরিষদ, শাহরাস্তি- | ঃ | " |
| (১৫) | চেয়ারম্যান,মেহের (দঃ), ইউনিয়ন পরিষদ, শাহরাস্তি- | ঃ | " |
| (১৬) | সভাপতি/সম্পাদক,শাহরাস্তি প্রেস ক্লাব, শাহরাস্তি - | ঃ | " |

**(খ) তোপধ্বনি, স্মৃতিস্তম্ভে পুষ্পমাল্য অর্পন/শ্রদ্ধাঞ্জলী এবং আনুষ্ঠানিক জাতীয় পতাকা উত্তোলন উপ-কমিটি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | | |
|---|---|---|---|
| (১) | অফিসার-ইন-চার্জ, শাহরাস্তি থানা, শাহরাস্তি, চাঁদপুর | ঃ | আহবায়ক |
| (২) | উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর- | ঃ | সদস্য |
| (৩) | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শাহরাস্তি- | ঃ | " |
| (৪) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর- | ঃ | " |
| (৫) | উপজেলা নির্বাচন কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর- | ঃ | " |
| (৬) | প্রধান শিক্ষক/সুপার, সকল মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা, শাহরাস্তি | ঃ | " |
| (৭) | সম্পাদক, উপজেলা স্কাউটস,শাহরাস্তি - | ঃ | " |

**(গ) প্রার্থনা উপ-কমিটি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | | |
|---|---|---|---|
| (১) | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন,শাহরাস্তি - | ঃ | আহবায়ক |
| (২) | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শাহরাস্তি, চাঁদপুর- | ঃ | সদস্য |
| (৩) | অধ্যক্ষ, ভোলদীঘি কামিল মাদ্রাসা,শাহরাস্তি,চাঁদপুর- | ঃ | " |
| (৪) | অধ্যক্ষ, পরানপুর সিনিয়র মাদ্রাসা,,শাহরাস্তি,চাঁদপুর- | ঃ | " |
| (৫) | অধ্যক্ষ,শাহরাস্তি চিশতিয়া ইসলামিয়া মাদ্রাসা,শাহরাস্তি- | ঃ | " |
| (৬) | হাফেজ মোঃ সফি উল্লাহ, ইমাম,উপজেলা পরিষদ জামে মসজিদ | ঃ | " |
| (৭) | জনাব নিখিল চন্দ্র মজুমদার, সাধারণ সম্পাদক, পূজা উদযাপন পরিষদ | ঃ | " |

**(ঘ) কুচকাওয়াজ ও শরীর চর্চা, ডিসপ্লে প্রদর্শণী উপ-কমিটি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | | |
|---|---|---|---|
| (১) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর | ঃ | আহবায়ক |
| (২) | উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর- | ঃ | সদস্য |
| (৩) | অফিসার-ইন-চার্জ, শাহরাস্তি থানা, শাহরাস্তি, চাঁদপুর এর প্রতিনিধি | ঃ | " |

| | | | |
|---|---|---|---|
| (৪) | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শাহরাস্তি,চাঁদপুর। | ঃ | ” |
| (৫) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর- | ঃ | ” |
| (৬) | সম্পাদক, উপজেলা স্কাউটস,শাহরাস্তি ,চাঁদপুর | ঃ | ” |
| (৭) | শরীরচর্চা শিক্ষক (সকল কলেজ,মাদ্রাসা,স্কুল,শাহরাস্তি - | ঃ | ” |

**(ঙ) শহীদ মুক্তিযোদ্ধা পরিবার এবং যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা উপ-কমিটি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | | |
|---|---|---|---|
| (১) | উপজেলা সমাজসেবা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর - | ঃ | আহবায়ক |
| (২) | উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ), শাহরাস্তি, চাঁদপুর- | ঃ | সদস্য |
| (৩) | উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা), শাহরাস্তি, চাঁদপুর- | ঃ | ,, |
| (৪) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর | ঃ | ,, |
| (৫) | জনাব মোঃ শাহ জাহান পাটওয়ারী, মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল,শাহরাস্তি | ঃ | ” |
| (৬) | ব্যবস্থাপক , পল্লী সঞ্চয় ব্যাংক,এবাএখা, শাহরাস্তি | ঃ | ” |

**(চ) আলোচনা উপ-কমিটি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | | |
|---|---|---|---|
| (১) | উপজেলা প্রাণী সম্পদ অফিসার,শাহরাস্তি, চাঁদপুর | ঃ | আহবায়ক |
| (২) | উপজেলা কৃষি অফিসার, শাহরাস্তি, চাঁদপুর- | ঃ | সদস্য |
| (৩) | উপজেলা সমাজসেবা অফিসার,শাহরাস্তি,চাঁদপুর- | ঃ | ” |
| (৪) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর | ঃ | ” |
| (৫) | উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর | ঃ | ” |
| (৬) | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-১, শাহরাস্তি জোনাল অফিস, শাহরাস্তি | ঃ | ” |
| (৭) | সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও প্রযুক্তি বিভাগ, শাহরাস্তি | ঃ | ” |

**(ছ) অর্থ উপ-কমিটি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | | |
|---|---|---|---|
| (১) | সহকারী কমিশনার (ভূমি), শাহরাস্তি, চাঁদপুর | ঃ | আহবায়ক |
| (২) | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তি, চাঁদপুর- | ঃ | সদস্য |
| (৩) | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর- | ঃ | ” |
| (৪) | উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর- | ঃ | ” |
| (৫) | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর- | ঃ | ” |
| (৬) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর- | ঃ | ” |

**(জ) প্রচার,মঞ্চ, মাঠ সজ্জা ও আলোকসজ্জা উপ-কমিটি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | | |
|---|---|---|---|
| (১) | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তি, চাঁদপুর - | ঃ | আহবায়ক |
| (২) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,শাহরাস্তি- | ঃ | সদস্য |
| (৩) | অফিসার ইনচার্জ(তদন্ত), শাহরাস্তি থানা ,শাহরাস্তি- | ঃ | ” |
| (৪) | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার,শাহরাস্তি,চাঁদপুর- | ঃ | ” |
| (৫) | উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা,শাহরাস্তি,চাঁদপুর- | ঃ | ” |
| (৬) | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, শাহরাস্তি, চাঁদপুর- | ঃ | ” |
| (৭) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর | ঃ | ” |
| (৮) | প্যানেল মেয়র, শাহরাস্তি পৌরসভা, চাঁদপুর | ঃ | ” |

**(ঝ) ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা উপ-কমিটি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | | |
|---|---|---|---|
| (১) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,শাহরাস্তি - | ঃ | আহবায়ক |
| (২) | সহকারী প্রোগ্রামার,উপজেলা তথ্য ও প্রযুক্তি বিভাগ, শাহরাস্তি,চাঁদপুর | ঃ | সদস্য |
| (৩) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শাহরাস্তি,চাঁদপুর | ঃ | ” |
| (৪) | ক্রীড়া শিক্ষক,সকল শিক্ষা প্রতিষ্ঠান,শাহরাস্তি,চাঁদপুর- | ঃ | ” |
| (৫) | ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক,শাহরাস্তি,চাঁদপুর- | ঃ | ” |

**(ঞ) প্রতিযোগিতা মূল্যায়ন বিচারক প্যানেল ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | | |
|---|---|---|---|
| (১) | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর | ঃ | আহবায়ক |
| (২) | উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর | ঃ | সদস্য |
| (৩) | অফিসার ইনচার্জ,শাহরাস্তি,চাঁদপুর এর প্রতিনিধি | ঃ | ” |
| (৪) | সম্পাদক, উপজেলা স্কাউটস,শাহরাস্তি,চাঁদপুর- | ঃ | ” |
| (৫) | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | ঃ | ” |

**(ট) রচনা, চিত্রাঙ্কন ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতা উপ-কমিটি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | | |
|---|---|---|---|
| (১) | উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তি- | ঃ | আহবায়ক |
| (২) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,শাহরাস্তি | ঃ | সদস্য |
| (৩) | উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, শাহরাস্তি- | ঃ | ” |
| (৪) | উপজেলা প্রাণী সম্প্রসারণ কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর- | ঃ | ” |
| (৫) | জনাব আক্তার হোসেন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার | ঃ | ” |
| (৬) | জনাব নাসরিন আক্তার, সহকারী উপজেলা শিক্ষা অফিসার শাহরাস্তি | ঃ | ” |
| (৭) | সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও প্রযুক্তি বিভাগ, শাহরাস্তি, চাঁদপুর | ঃ | ” |
| (৮) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর | ঃ | ” |

(মোহাম্মদ হুমায়ন রশিদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মহান বিজয় দিবস-২০২৩ উদ্‌যাপন কমিটি
শাহরাস্তি, চাঁদপুর ।